149

ভোরের কাগজ

তারিখ ... 2-3 DEC 1998 ...
পৃঃ 7 কলাম ... ৪ ...

# ঢাকা বিশ্ববিদ্যালয়ে ছাত্রী নির্যাতনের ঘটনা তদন্তে কমিটি হবে

বিশ্ববিদ্যালয় প্রতিবেদক : ঢাকা বিশ্ববিদ্যালয়ে ছাত্রীদের ওপর যৌন নির্যাতনের অভিযোগ গ্রহণ ও তদন্তের জন্য একটি কমিটি গঠনের সিদ্ধান্ত নেওয়া হয়েছে। গতকাল মঙ্গলবার অনুষ্ঠিত বিশ্ববিদ্যালয়ের পরিবেশ পরিষদের এক সভায় এ সিদ্ধান্ত নেওয়া হয়েছে। উপাচার্য এ কে আজাদ চৌধুরীর সভাপতিত্বে অনুষ্ঠিত সভায় বিভিন্ন ছাত্র সংগঠনের নেতৃবৃন্দ উপস্থিত ছিলেন।

সভায় সিদ্ধান্ত হয়, কোনো ছাত্রীর অভিযোগ থাকলে বিশ্ববিদ্যালয়ের রেজিস্ট্রারের কাছে লিখিতভাবে পেশ করতে হবে। এ ছাড়া পত্রপত্রিকার মাধ্যমে কারো বিরুদ্ধে অভিযোগ উত্থাপিত হলে তাও তদন্ত করে দেখার সিদ্ধান্ত নেওয়া হয়। পত্রপত্রিকার এসব খবর প্রকাশের আগে কর্তৃপক্ষকে জানানোর জন্য সকলের প্রতি অনুরোধ জানানো হয়। সভার পক্ষ থেকে সংশ্লিষ্ট সকল মহলের প্রতি বিশ্ববিদ্যালয়ে শিক্ষার পরিবেশ বজায় রাখার আহ্বান জানানো হয়।

এ সভায় ছাত্রলীগের অজয় কর খোকন ও সাজ্জাদ হোসেন, ছাত্রদলের মঞ্জুর এলাহী, মোশারফ হোসেন ও মনির হোসেন, ছাত্রমৈত্রীর জিয়াউল হক জিয়া, ছাত্র ইউনিয়নের মঞ্জুর-এ-খোদা টরিক জাসদ ছাত্রলীগের করিম শিকদার ও ছাত্রফ্রন্টের সাইফুর রহমান তপন উপস্থিত ছিলেন। এ ছাড়া বিশ্ববিদ্যালয়ের প্রক্টর অধ্যাপক এ কে এম নুর উন নবী ও সহকারী প্রক্টররা সভায় উপস্থিত ছিলেন।